

Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 10 July, 2025

আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের বিষয়টি তদারকির জন্য দুই নির্বাচন কমিশনারকে দায়িত্ব দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)।

বৃহস্পতিবার (১০ জুলাই) ইসির উপসচিব মো. শাহ আলম স্বাক্ষরিত দুটি পৃথক অফিস আদেশে এ দায়িত্ব বণ্টনের বিষয়টি জানানো হয়।

ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ-কে আইনশৃঙ্খলা সমন্বয় সংক্রান্ত কমিটির সভাপতি করা হয়েছে। এই কমিটি জাতীয় নির্বাচন পরিচালনায় নিরাপত্তা পরিকল্পনা গ্রহণ, দায়িত্বপ্রাপ্ত আইনশৃঙ্খলা বাহিনীর কার্যক্রম তদারকি ও সমন্বয় এবং সহিংসতা প্রতিরোধে ব্যবস্থা গ্রহণে কাজ করবে।

কমিটির সদস্য হিসেবে থাকছেন ইসির সিনিয়র সচিব, অতিরিক্ত সচিব, আইডিইএ প্রকল্পের পরিচালক, যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২) এবং সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন উপসচিব (নির্বাচন পরিচালনা-২)। প্রয়োজনে কমিটি অন্যান্য কর্মকর্তাকেও কো-অপ্ট করতে পারবে।

কমিটির দায়িত্বের মধ্যে রয়েছে:

নিরাপত্তা পরিকল্পনা গ্রহণ

বাহিনীগুলোর সমন্বয় ও তদারকি

ভোটকেন্দ্র ও নির্বাচনী এলাকায় শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করা

নির্বাচনী সামগ্রী পরিবহন ও নিরাপত্তা নিশ্চিত করা

সম্ভাব্য সহিংসতা মোকাবিলায় প্রস্তুতি গ্রহণ

ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ ও প্রশিক্ষণ কমিটি

অন্যদিকে, নির্বাচন কমিশনার তাহমিদা আহমদ-কে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও প্রশিক্ষণ সংক্রান্ত কমিটির সভাপতি করা হয়েছে।

এই কমিটি নির্বাচনী কর্মকর্তা (প্রিজাইডিং, সহকারী প্রিজাইডিং ও পোলিং অফিসার) নিয়োগ, প্রশিক্ষণ, তদারকি ও সংশ্লিষ্ট কার্যক্রম

পরিচালনার দায়িত্বে থাকবে।

কমিটির অন্যান্য সদস্যদের মধ্যে রয়েছেন ইসির সিনিয়র সচিব, অতিরিক্ত সচিব, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক, দুইজন যুগ্মসচিব এবং উপসচিব (নির্বাচন পরিচালনা-২), যিনি সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

ইসি কর্মকর্তারা জানিয়েছেন, আগামী এপ্রিলের মধ্যে জাতীয় সংসদ নির্বাচন আয়োজনের লক্ষ্যে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করতে কাজ চলছে। তফসিল ঘোষণার পর দ্রুত কার্যক্রম সম্পন্ন করতে এসব কমিটি আগেভাগেই গঠন করা হচ্ছে।

মো. শাহ আলম নির্বাচন কমিশন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:30

URL: <https://timestodaybd.com/public/national/4543775807>